12 FEB
পৃষ্ঠা 2

# সব মাধ্যমিক বিদ্যালয় সরকারি করার দাবি

নিজস্ব প্রতিবেদক ▷

দেশের সব মাধ্যমিক বিদ্যালয় জাতীয়করণের দাবি তুলেছে মাধ্যমিক স্কুল শিক্ষা জাতীয়করণ লিয়াজোঁ কমিটি। গতকাল শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে এক সংবাদ সম্মেলনে এ দাবি তোলা হয়।

সংগঠনের যুগ্ম আহ্বায়ক প্রদীপ কুমার সাহা লিখিত বক্তব্যে বলেন, 'প্রাথমিক স্তরের শিক্ষায় সফলতা অর্জনের জন্য সব প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করা হয়েছে। একইভাবে সব মাধ্যমিক বিদ্যালয়ও জাতীয়করণের আওতায় নিতে হবে।' আগামী ৯ মার্চ উপজেলায় উপজেলায় সমাবেশ ও উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি, ১৬ মার্চ জেলা সদরে সমাবেশ ও জেলা প্রশাসককে স্মারকলিপি দেওয়া হবে।